



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

এইচআরএম ইউনিট

www.dsheets.gov.bd

ঢাকা



জুনির

সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.২২.৫১

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৯

২৮ জুন ২০২২

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর বার্ষিক (জুলাই/২১-জুন/২২) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং ৯টি আঞ্চলিক পরিচালক-এর কার্যালয়ের মধ্যে স্বাক্ষরিত ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক (জুলাই/২১-জুন/২২) অগ্রগতি প্রতিবেদন Annual Performance Agreement Management System (APAMS) এর মাধ্যমে দাখিল করে ডাউনলোডকৃত প্রতিবেদনটি আগামী ১০-০৭-২০২২ খ্রি তারিখের মধ্যে ই-মেইলে apa.dsheets@gmail.com ঠিকানায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. APAMS এ প্রতিবেদন দাখিল বিষয়টি নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো-

ক. APAMS শুধুমাত্র আঞ্চলিক পরিচালকের দপ্তরের জন্য প্রযোজ্য হবে।

খ. APAMS এর মাধ্যমে শুধুমাত্র ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল/২২-জুন-২২) এর রিপোর্ট আপলোড করা যাবে, কিন্তু অগ্রগতি প্রতিবেদন এবং প্রমাণক প্রেরণ করতে হবে পূর্ণ অর্থবছরে। প্রমাণক সিস্টেমের মাধ্যমে আপলোড করা হলেও সকল সূচকের প্রমাণক (হার্ডকপি ৫২৯ নং কক্ষে ও স্ক্যানকৃত সফ্টকপি apa.dsheets@gmail.com ঠিকানায়) অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

গ. প্রমাণক প্রেরণের ক্ষেত্রে সূচকের ক্রমিক নং উল্লেখপূর্বক ক্রমানুসারে সাজিয়ে এবং প্রতিটি সূচকের জন্য পৃথক অগ্রায়নপত্রসহ প্রেরণ করতে হবে। অগ্রায়নপত্রে লক্ষ্যমাত্রা এবং অর্জনের বিবরণ থাকতে হবে।

ঘ. কোন অর্জনের উপযুক্ত প্রমাণক ছাড়া কার্যক্রমটি অর্জিত হয়নি মর্মে বিবেচিত হবে এবং এসব কার্যক্রমের বিপরীতে কোন নম্বর দাবী করা যাবে না। (উপযুক্ত প্রমাণক বিষয়ে অস্পষ্টতা থাকলে নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করা যেতে পারে।

ঙ. APAMS মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন আপলোড না করলে সিস্টেমটি নিজ থেকে বন্ধ হয়ে যাবে।

৩. আপনার আওতাভুক্ত মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে বার্ষিক / চূড়ান্ত প্রতিবেদন বিষয়ে পৃথক পত্র ও নির্দেশনা জারি করার জন্যও অনুরোধ করা হলো

২৮-৬-২০২২

অধ্যাপক নেহাল আহমেদ

মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)

সদয় অবগতি ও কার্যালয়ে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) পরিচালক, মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪) অফিস কপি, এইচআরএম



২৮-৬-২০২২

আশেকুল হক

সহকারী পরিচালক-১